দৈনিক ইত্তেফাক

তারিখ 14 SEP 1995
পৃষ্ঠা ১ কলাম ১

# রাজশাহী ভার্সিটিতে ভর্তি পরীক্ষা ॥ ছাত্রীরা তাঁবুতে

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল বুধবার কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যে বিশ্ববিদ্যা-

( ১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## রাজশাহী ভার্সিটিতে

( ১ম পৃঃ পর )

লয়ের ১৯৯৪-৯৫ সেশনের প্রথম বর্ষ অনার্সের ভর্তি পরীক্ষা শুরু হইয়াছে। প্রথমদিন বিজ্ঞান ও আইন অনুষদের পরীক্ষা হইয়াছে। ভর্তি পরীক্ষায় প্রক্সি দিতে আসিয়া গতকাল আবুল হাসান ও তরিকুল ইসলাম নামক দুইজন ধরা পড়ে। তাহাদের বহিষ্কার করা হয়।

বিশ্ববিদ্যালয় বন্ধ অবস্থায় এই ভর্তি পরীক্ষা হইতেছে। আবাসিক হল বন্ধ থাকায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসের মহিলা জিমন্যাশিয়ামে ও সংলগ্ন বাউণ্ডারী ঘেরা মাঠে তাবু খাটাইয়া এবং ছাত্রীহলের বারান্দায় শুধু কিছু ছাত্রীর থাকার ব্যবস্থা করিয়াছে। তাহাদের জন্য পুলিশ প্রহরার ব্যবস্থা করা হইয়াছে।

ক্যাম্পাসে রিক্সা ও অন্যান্য যানবাহন প্রবেশ করিতে না দেওয়ায় প্রথমবারের মত আগত পরীক্ষার্থীদের হয়রানির শিকার হইতে হয়। পরীক্ষা কেন্দ্রের রুমে-রুমে 'সিট' না ফেলায় কিছুটা বিশৃংখলার সৃষ্টি হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দাবী করিয়াছে, শতকরা ৬০ ভাগ আবেদনকারী গতকালের পরীক্ষায় অংশ নিয়াছে। আজ বৃহস্পতিবার কলা এবং ব্যবসায় ও বাণিজ্য আগামীকাল সামাজিক বিজ্ঞান এবং জীব ও ভূবিজ্ঞান অনুষদের পরীক্ষা হইবে।